# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ১৩৫

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. তায়াম্মুম (মাটির সাহায্যে পবিত্রতা অর্জন) - পট্টির উপর মাসাহ করার বিধান

আরবী

وَعَنْ عَلِيٍّ ـ رضي الله عنه ـ قَالَ: انْكَسَرَتْ إِحْدَى زَنْدَيَّ فَسَأَلْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فَأَمَرَنِي أَنْ أَمْسَحَ عَلَى الْجَبَائِرِ. رَوَاهُ ابْنُ مَاجَه بِسَنَدٍ وَاهٍ جِدًّا

موضوع. رواه ابن ماجه (657)

বাংলা

১৩৫। আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, 'আমার একটি কবজি ভেঙ্গে যাওয়াতে আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে (করণীয় সম্পর্কে) জিজ্ঞেস করলাম। তিনি আমাকে পট্টির (ব্যান্ডেজ) উপর মাসাহ করার নির্দেশ দিলেন। ইবনু মাজাহ অতি দুর্বল সানাদে।[1]

## English

Narrated `Ali (RAA):
One of my forearms was broken. Then I consulted Allah's Messenger (Peace be upon him) and he ordered me to wipe over the bandages. [Reported by Ibn Majah with a very weak chain of narrators].

ফুটনোট

[1] হাদীসটি মাওজু বা জাল। ইবনু মাজাহ (৬৫৭)। ইমাম যাহাবী তাঁর মীযানুল ই'তিদাল (৩/২৫৮) গ্রন্থে বলেন, এর সনদে উমার বিন খালিদ আল কারশী রয়েছে। যাকে ত্রুটিযুক্ত বর্ণনাকারীদের তালিকায় উল্লেখ করা হয়েছে। ইমাম দারাকুতনী তাঁর সুনানে (১/৪৯৯), ইবনু হাজার তাঁর আদি দিরাইয়াহ (১/৮৩) গ্রন্থে, বিন বায তাঁর হাশিয়া

বুলুগুল মারাম (১৩৬) গ্রন্থে বলেন, এর সনদে আমর বিন খালিদ আল ওয়াসিতী রয়েছে যিনি মাতরুক في اسناده عمرو بن خالد الواسطى وهو متروك ورماه وكيع وغيره بالوضع শাইখ আলবানী যঈফ ইবনু মাজাহ (১২৬), ইবনু উসাইমীন তাঁর বুলুগুল মারামের শরাহ (১/৩৭৪) গ্রন্থে হাদীসটিকে অত্যন্ত দুর্বল বলেছেন। আবু হাতিম আর রাযী তার তানকীহু তাহকীকুত তা'লীক (১/২০০) গন্থে বলেন, হাদীসটি বাতিল, এর কোন ভিত্তি নেই।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69946

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন